

26

কৃঃ বিঃ হল সংসদে বরাদ্দ কম, উপাচার্যের বাসভবন ভাঙচুর

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মন-সিংহ), ২৫শে জুলাই (নিজস্ব সংবাদ-দাতা)। - বিশ্ববিদ্যালয়ের ৯টি হল সংসদের কর্মকাণ্ডের জন্য বাজেট পর্যাপ্ত না হওয়ার প্রতিবাদে সোমবার রাত ১২টায় বিক্ষুব্ধ ছাত্ররা উপাচার্যের বাসভবন ব্যাপকভাবে ভাঙচুর করেছে।

হল সংসদসমূহের ডি.পি ও জি.এসবন্দ জানিয়েছেন : নিয়মানুযায়ী প্রতিটি হলে অবস্থানকারী ছাত্রদের নিকট থেকে সংসদ ফি বাবদ প্রাপ্ত টাকার দ্বিগুণ পরিমাণ টাকা অনুদান হিসেবে অর্জিত দেয়া হত। কিন্তু এবার উপাচার্য 'তহবিলের অপ্রতুলতা'র অজুহাত দেখিয়ে হল সংসদসমূহকে অনুদানের টাকা প্রদানে অস্বীকৃতি জানান। যে কারণে কেন্দ্রীয় ছাত্র সংসদের অভিষেকের পর এক মাস অতিবাহিত হতে চললেও হল সংসদগুলোর অভিষেক অনুষ্ঠান করা সম্ভব হচ্ছিল না। এ সমস্যাগুলোর সমাধানের জন্য সোমবার রাতে হল সংসদগুলোর ডিপি ও জিএসবন্দ উপাচার্যের সাথে দেখা করতে তার বাসভবনে যান। তিনি টাকা প্রদানে আবারো তরু অপারগতার কথা জানান। এ খবর হলগুলোতে ছড়িয়ে পড়ার সাথে সাথে বিক্ষুব্ধ শত ছাত্র এক বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি উপাচার্যের বাসভবন অতিক্রম করার সময় মিছিল থেকে বাসভবনের দিকে ইট-পাটকিল ছোড়া শুরু হয় এবং ছাত্ররা গেট খুলে বাসভবনে ঢুকে পড়ে ভবনের ব্যাপক ভাঙচুর করে।

এ ঘটনা পর্যালোচনার জন্য আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের সকল প্রভোস্ট, ডীন, বিভাগীয় প্রধানদের এক বৈঠকে ঘটনার তীব্র নিন্দা জানানোর পাশাপাশি এক তদন্ত কমিটি গঠন এবং দোষী ব্যক্তিদের কঠোর শাস্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আজ মঙ্গলবার বিকেলে ছাত্ররা উপাচার্য কর্তৃক 'টালবাহানা'র প্রতিবাদে মিছিল ও সমাবেশ করে। সমাবেশ থেকে তিনদফা দাবি কর্তৃপক্ষের কাছে পেশ করা হয়েছে।